

### বরগুনায় বোর্ডের বইয়ের

সঙ্গে কিনতে হচ্ছে

নিম্নমানের নোট

বরগুনা, ১৯ ফেব্রুয়ারি, নিজস্ব সংবাদদাতা ৷ বরগুনায় এখনও পাঠ্য বইয়ের সংকট চলছে। শিক্ষা বছরের দু'মাস অতিক্রান্ত হতে চলেছে, কিন্তু ছাত্রছাত্রীদের হাতে বই না পৌঁছায় তাদের লেখাপড়ায় বিঘ্ন ঘটছে। প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের কাছে আর্থশিক বই দেয়া হয়েছে। মাধ্যমিক স্তরের বিশেষ করে ৯ম শ্রেণীর শিক্ষার্থীদের মাত্র ৪টি বিষয়ের বই বাজারে এসেছে। এ বইগুলো দোকানে বিক্রি করা হচ্ছে বেশি দামে। এছাড়া দোকানিরা বোর্ডের বইয়ের সংকট নিম্নমানের নোট কিনতে বাধ্য করছে। নোট বই ছাড়া বোর্ডের বই বিক্রি করা হচ্ছে না। পাইলের মালিকরা বলেছে, চড়া দামে বই কেনার ফলে বোর্ডের বইয়ের লোকসান পুষিয়ে নিতে তারা নোট বই বিক্রি করছে। ছাত্র অভিভাবকরা আরও অভিযোগ করেছেন, বিগত বছরের বইয়ের তুলনায় এ বছরের বইয়ের কাগজ এবং ছাপার মান খারাপ এবং দামও বেশি। এদিকে মাধ্যমিক স্তরের বেশির ভাগ বই বাজারে না আসায় বিদ্যালয়গুলোতে এখনও ক্লাস শুরু হয়নি। বই না পেয়ে ছাত্রছাত্রী এবং অভিভাবকরা উদ্বেগের মধ্যে রয়েছে।